# উদ্ভাবনী প্রকল্পের বিস্তারিত তথ্যাদি:

উপকরণ ফরম ১৩

১। ক. চিহ্নিত সেবার নাম (এখানে অইডিয়াটির শিরোনাম লিখতে হবে না। অফিসের যে সেবা বা সেবাসমূহকে কেন্দ্র করে আইডিয়াটি নেয়া হয়েছে, তার নাম হবে): **হোয়াটস অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃ সমবায় সম্পর্ক সৃষ্টি ও দৃঢ়করণ।**

১। খ. সেবা গ্রহণকারী কারা?: খুলনা বিভাগাধীন বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, যশোর ও নড়াইল জেলার সমবায় কর্মচারী এবং সমবায়ীবৃন্দ।

২। ক. সেবাটি বর্তমানে কিভাবে দেয়া হয়?

- ❖ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সসমূহের (রাজস্ব ও সিডিএফ) প্রশিক্ষণ মডিউল, নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট (হার্ড কপি) ফটোকপি করে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের (সমবায়/সমবায় কর্মী) মাঝে বিতরণ;

২। খ. চিহ্নিত সেবা প্রাপ্তির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সমস্যার মূল কারণ:


আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সসমূহের (রাজস্ব ও সিডিএফ) প্রশিক্ষণ মডিউল, নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট (হার্ড কপি) ফটোকপি করে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীদের (সমবায়/সমবায় কর্মী) মাঝে বিতরণ করা হয়। সকল প্রশিক্ষণ কোর্সের সকল সেসনের হ্যান্ড নোটের হার্ড কপি সকল প্রশিক্ষণার্থীকে বিতরণ ব্যয়বহুল। যেমন, ০৫ (পাঁচ) দিনের ০১ (এক) টি প্রশিক্ষণ কোর্সে সাধারণত ২০ (বিশ) বার তারও বেশি সেসন থাকে। এভাবে একটি বর্ষে বিভিন্ন মেয়াদে (০৫ দিন, ০৭ দিন, ১২ দিন, ৩০ দিন ইত্যাদি) ৩০-৩৫ টি প্রশিক্ষণ কোর্সে হতে পারে। যার সেসন সংখ্যা প্রায় ২০০০ টি। যদি প্রতিটি কোর্সে ২৫ জন প্রশিক্ষণার্থী থাকে সেক্ষেত্রে হ্যান্ড নোটের সংখ্যা হবে প্রায় ৫০,০০০ টি, যা ব্যয়বহুল। তাছাড়া নির্ধারিত মেয়াদে প্রশিক্ষণ শেষে প্রশিণার্থীগণ উক্ত হ্যান্ডনোটসমূহ যথাযথভাবে সংরক্ষণ করেন না এবং প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে কোন কাজে লাগান না।

| বিদ্যমান সমস্যা | সমস্যার মূল কারণ |
|---|---|
| # প্রশিক্ষণ সেসনসমূহের নির্ধারিত বিষয়বস্তু ও বিবরণ সম্পর্কে প্রকৃত জ্ঞান না থাকা; | # প্রশিক্ষণ সেসনসমূহের হ্যান্ড নোট যথাযথভাবে সংরক্ষণ না করা; |
| # সমবায় সম্পর্কে প্রকৃত জ্ঞান না থাকা; | #মানষিকতার অভাব; |
| # প্রশিক্ষণ পরবর্তী নিবিড় ফলো-আপ না থাকা; | # প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগ না করা; |
| # আন্তঃসমবায় সম্পর্ক না থাকা; | # তদারকী ও পরিচর্যার অভাব; |
| # টিসিভি অপচয়। | # একাধিক প্রশিক্ষণ কোর্সে একই প্রশিক্ষণার্থী পুণঃ মনোনয়ন। |

৩। সমস্যাটির ভুক্তভোগী কারা? : সমবায়ী ও সমবায় কর্মী।

৪) সমস্যাটির পরিধি কত বড়? (সমস্যা কি সারাদেশে বিস্তৃত? উপকারভোগীদের শতকরা কতজন ভুক্তভোগী?): যদিও সমস্যাটি স্থানীয় ভাবে চিহ্নিত করা হয়েছে প্রকৃত পক্ষে সমস্যাটি সারা দেশে বিস্তৃত। উপকারভোগীদের শতকরা প্রায় ৭৫% এর ভুক্তভোগী।

৫)  কি সমাধান? (এখানে আইডিয়াটির শিরোনাম লিখতে হবে): **হোয়াট'স অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃ সমবায় সম্পর্ক দৃঢকরণ।**




৬) ক.  সমাধান প্রক্রিয়া (Flow Chart)

| আইডিয়ার বিবরণ (আবেদন পূর্ব হতে সেবা দেয়ার পর পর্যন্ত যা যা করা হবে, তার বিস্তারিত বিবরণ) | নতুন প্রসেস ম্যাপ (কাস্টমারের নিকট একটি সেবা যেভাবে পৌছে দেয়া হবে, তা বুলেট পয়েন্ট আকারে ধারাবাহিকভাবে লিখতে হবে) |
|---|---|
| আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা হয়।<br><br>এরপর প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ করা হয়। এক্ষেত্রে কোন বাড়তি সময় ও অর্থ ব্যয়/অপচয় হচ্ছে না। হ্যান্ড নোটের বিষয়বস্তু সহ খুটি-নাটি বিয়য়ে গ্রুপে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে আগ্রহী প্রশিক্ষণার্থীগণ চলমান সেসনের বিষয়বস্তু সম্পর্কে সাম্যক জ্ঞান লাভ করতে পারেন। প্রশিক্ষণ কোর্সের মেয়াদ শেষেও গ্রুপে সমবায় সম্পর্কিত নানা বিষয়ে পারস্পরিক আলোচনা অব্যাহত থাকে ফলে চমৎকার আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপিত হয়। ফলে গ্রুপের সদস্যদের পারস্পরিক আস্থা ও বিশ্বাস দৃঢ হয় যা সমবায়ের সাফল্যের আরেককটি গুরুত্বপূর্ণ নীতি হিসেবে বিবেচিত হয়। প্রশিক্ষণাথীদের পারস্পরিক আস্থা ও বিশ্বাস তাদেরকে উদ্যমী, আগ্রহী ও আত্মবিশ্বাসী করে তোলে।<br><br>এর ফলে খুব সহজেই নিবিড় প্রশিক্ষণ প্রদান পরবর্তী ফলো-আপ করা সম্ভব হয়। যাতে করে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ লব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগের বিষয়ে উৎসাহ প্রদান, মনিটরিং এবং সাফল্য গাঁথা উদঘাটন করা সম্ভব হয়। তাছাড়া খুব সহজে একই প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে বারবার অংশগ্রহণ রোধ করা যায়। | # আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি করে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা;<br><br># প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ করা;<br><br># সরবরাহকৃত হ্যান্ড নোটের বিষয়বস্তু সহ খুটি-নাটি বিয়য়ে গ্রুপে বিস্তারিত আলোচনা;<br><br># প্রশিক্ষণ কোর্সের মেয়াদ শেষেও গ্রুপে সমবায় সম্পর্কিত নানা বিষয়ে পারস্পরিক আলোচনা অব্যাহত রাখা;<br><br># প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ;<br><br>#একই প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে বারংবার অংশগ্রহণ রোধ করা;<br><br># আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপন; |

৬) খ.  আইডিয়া পাইলট করার  জন্য নির্ধারিত এলাকা (কতটুকু এলাকা জুড়ে এ আইডিয়া বাস্তবায়ন করা হবে? যেমন- খুলনা বিভাগাধীন বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, যশোর ও নড়াইল জেলার সমবায় কর্মচারী এবং সমবায়ীবৃন্দ এর আওতাভুক্ত হবেন।

৭)  প্রত্যাশিত ফলাফল (TCV)

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ১. হ্যান্ড নোট প্রদান= প্রতিটি কোর্সে প্রায় ৪/৫ ঘন্টা।<br>(এভাবে একটি বর্ষে প্রায় ৩৫-৪০ টি কোর্সে প্রায় ২০০০ সেসন এবং প্রশিক্ষণার্থী প্রায় ৫০০০০ জন)<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: সম্ভব হতো না।<br>টেকসই হতে= কমপক্ষে ১ বছর (অনেক ক্ষেত্রে টেকসই কার্যক্রম অঙ্কুরেই বিনাশ হত) | ১. হ্যান্ড নোট প্রদান= প্রায় ১০-১৫ লক্ষ টাকা।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: সুযোগ সীমিত।<br><br>টেকসই হতে= অপ্রত্যাশিত খরচ। | হ্যান্ড নোট প্রদান= প্রায় ১৯০০-২০০০ বার।<br>টেকসই হতে= অনাগ্রহী ছিল। |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১. হ্যান্ড নোট প্রদান= কয়েক মিনিট মাত্র।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত। পূর্বে এমন চিন্তা করারও সুযোগ ছিল না।<br>টেকসই হতে = ১৫-৩০ দিন<br>টেকসই হতে= ৬ মাস | ১. হ্যান্ড নোট প্রদান= কোন খরচ হবে না।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত।<br>টেকসই হতে= খরচ নেই। | ১. হ্যান্ড নোট প্রদান= কোন সময় অপচয় হবে না। যাতায়াত: ০ বার।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: ০ বার।<br>টেকসই হতে= যাতায়াত লাগবে না। |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহিতার প্রত্যাশিত বেনিফিট | ১. হ্যান্ড নোট প্রদান= কয়েক মিনিটেই প্রশিক্ষণার্থীদের হ্যান্ডনোট সরবরাহ করা যায়।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: ফলপ্রসু প্রশিক্ষণ ও কার্যকর আন্ত:সমবায় সম্পর্ক স্থাপন। | ১. হ্যান্ড নোট প্রদান= কোন খরচ হবে না।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত।<br>#টেকসই হতে= খরচ নেই। | ১. হ্যান্ড নোট প্রদান= কোন সময় অপচয় হবে না। যাতায়াত: ০ বার।<br>২. আন্তঃসমবায় সম্পর্ক স্থাপন ও প্রশিক্ষণ পরবর্তী নিবিড় পর্যবেক্ষণ: ০ বার।<br>#টেকসই হতে= যাতায়াত লাগবে না। |
| বিঃ দ্রঃ এই উদ্যোগের ফলে খুব সহজেই নিবিড় প্রশিক্ষণ প্রদান পরবর্তী ফলো-আপ করা সম্ভব হয়। যাতে করে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে প্রয়োগের বিষয়ে উৎসাহ প্রদান, মনিটরিং এবং সাফল্য গাঁথা উদঘাটন করা সম্ভব হয়। তাছাড়া খুব সহজে একই প্রশিক্ষণার্থী বিভিন্ন কোর্সে বারংবার অংশগ্রহণ রোধ করা যাবে। | | | |

অন্যান্য সুবিধাঃ (অনেক উদ্যোগ এর সুফল টিসিভি  দিয়ে বুঝানো যাবে না অথবা টিসিভিতে পরিবর্তন ছাড়াও অন্যান্য দৃশ্যমান সুবিধা থাকতে পারে। এসব কিছুর বিবরণ এখানে লিখতে হবে।)

৮) বাস্তবায়নকারী টিম: (উদ্যোগটির পাইলট বাস্তবায়ন করার জন্য প্রতিটি অফিসে যে টিম গঠন করা প্রয়োজন)

| | দলনেতা | সদস্য-১ | সদস্য-২ |
|---|---|---|---|
| নাম | মাসুদা পারভীন | শশাংক শেখর রায় | মোঃ কামরুজ্জামান |
| পদবি | অধ্যক্ষ | পরিদর্শক | পরিদর্শক |
| দপ্তর | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট |
| ঠিকানা | বয়রা, খুলনা | বয়রা, খুলনা | বয়রা, খুলনা |

৯. আইডিয়া পাইলট করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম

| মাইলস্টোন | একটিভিটি | কে করবে? | Time (মাস ভিত্তিক) | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | জুলাই/২৩ | আগস্ট/২৩ | সেপ্টেঃ/২৩ -এপ্রিল/২৪ | মে-জুন /২৪ |
| অবহতিকরণ সভা | পাইলটিং বিষয়ে সকলকে অবহিত করণ বিষয়ক স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অবহিতকরণ সভা; | দলনেতা | □ | | | |
| সম্ভাব্যতা যাচাই | উপকারভোগীদের কার্যক্রমের সম্ভাব্যতা যাচাই; | দল সদস্য | □ | □ | | |
| | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনায় অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ কোর্সের কোর্স পরিচালক, সহকারী কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কারী ও প্রশিক্ষণার্থীর সমন্বয়ে ০১ (এক) টি করে হোয়াটস অ্যাপ গ্রুপ খোলা; | | | | □ | |
| নিবিড় প্রশিক্ষণ ও প্রশিক্ষণ হ্যান্ডনোট অনলাইনে সরবরাহ | প্রতিটি কোর্সের নির্ধারিত সকল সেসনের হ্যান্ড নোট পর্যায়ক্রমে সংশ্লিষ্ট হোয়াটস অ্যাপ গ্রুপে সরবরাহ; | দল সদস্য | □ | □ | □ | |
| তদারকী ও মূল্যায়ন | আন্তঃ সমবায় সম্পর্ক স্থাপন তদারকী ও প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ। | দলনেতা | | | | □ |

১০. রিসোর্স ম্যাপঃ

| প্রয়োজনীয় সম্পদ | | | কোথা হতে পাওয়া যাবে? |
|---|---|---|---|
| খাত | বিবরণ | প্রয়োজনীয় অর্থ | |
| জনবল | অফিস কর্মচারী | ০ | - |
| বস্তুগত | কম্পিউটার/ল্যাপটপ, স্ক্যানার, স্মার্ট মোবইল ফোন, ইন্টারনেট কানেকশন ইত্যাদি | ০ | অফিসিয়াল লজিস্টিক থাকায় এবং কন্টিজেন্সি বিল হতে সামান্য খরচ বহন করা সম্ভব হবে। |
| অন্যান্য | অফিস আনুসঙ্গিক | ০ | -- |
| প্রয়োজনীয় মোট অর্থ | | ০ | -- |

১১. ঝুঁকিঃ

- ❖ প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাস্তব জীবনে কাজে না লাগানো;
- ❖ সরকারী সুযোগ  কম থাকা;
- ❖ অন্য দপ্তরের সহিত সমন্বয়;

১২. কিভাবে এ আইডিয়াটি অন্য স্থানে ব্যবহৃত হতে পারে?

এই আইডিয়া যাচাই বাছাই পূবর্ক সংশ্লিষ্ট বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ি, কুমিল্লা হতে আদেশের মাধ্যমে দেশের অন্য সকল সমবায় ইনস্টিটিউটে চালু করা যেতে পারে।

নিবিড় প্রশিক্ষণ এবং আন্তঃসমবায় সম্পর্ক স্থাপনকে প্রাধান্য দিয়ে **“হোয়াট’স অ্যাপ গ্রুপের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের নির্ধারিত সেসনসমূহের হ্যান্ড নোট বিতরণ, প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপ এবং আন্তঃসমবায় সম্পর্ক দৃঢ়করণ”** শিরোনামে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা এ উক্ত  প্রকল্প গ্রহন ও বাস্তবায়ন করা হচ্ছে। পাইলটিং এর পর উহা দেশের অন্য সকল সমবায় ইনস্টিটিউটে রেপ্লিকেটিং করা যেতে পারে।

## ১৩. Details of the Owner:

| নাম | পদবী | অফিস | মোবাইল | ই-মেইল | আইডিয়া পাইলটিং এলাকা (৬খ এর আলোকে) |
|---|---|---|---|---|---|
| মাসুদা পারভীন | অধ্যক্ষ | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, খুলনা | ০১৭১২৯৯৫৭৬০ | mparvin77@gmail.com | খুলনা বিভাগাধীন বাগেরহাট, খুলনা, সাতক্ষীরা, যশোর ও নড়াইল জেলার সমবায় কর্মচারী এবং সমবায়ীবৃন্দ। |

--০--